

পরিচালকের কার্যালয়
কন্ট্রাস্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন (নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৭১২৬১৫৫



Office of the Director
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 7126155
email: director_cpc@yahoo.com

www.bwdb.gov.bd

স্মারক নং-সিপিএসি-৫১/ পিপিআর/২৯৪৮

তারিখ : ০১-০১-২০১৭ খ্রিঃ

সার্কুলার

পিপিআর-২০০৮ এর ২১ নভেম্বর ২০১৬ এর সংশোধন অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে বিভিন্ন ক্রয়ের ক্ষেত্রে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(Official Cost Estimate) ও দরপত্র দলিল প্রস্তুতের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হলো।

১। বাপাউবো'র সকল ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(Official Cost Estimate) প্রস্তুতের ক্ষেত্রে ক্রয়কারী (Procuring Entity) দপ্তরের ০২(দুই) জন কর্মকর্তা এবং বাপাউবো'র অন্য ক্রয়কারী দপ্তর হতে ০১ (এক) জন কর্মকর্তা সহ তিন সদস্যের কমিটি গঠন করবেন। ক্রয়কারী কমিটি গঠন সংক্রান্ত দপ্তরাদেশ জারী করবেন এবং প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা হতে কমিটি অনুমোদনের প্রয়োজন নেই।

২। মাঠ পর্যায়ের দপ্তরের ক্ষেত্রে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে :

(ক) প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা নির্বাহী প্রকৌশলী বা সমমানের হলেঃ সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী, শাখা কর্মকর্তা নিজ ক্রয়কারী দপ্তর হতে এবং বাপাউবো'র অন্য দপ্তর হতে উপ-বিভাগীয় প্রকৌশলী বা সহকারী প্রকৌশলী পর্যায়ের ০১ জন প্রতিনিধিসহ তিন সদস্যের কমিটি দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুত করে অনুমোদনকারীর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

(খ) প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/প্রধান প্রকৌশলী হলে : সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী ও শাখা কর্মকর্তা নিজ ক্রয়কারী দপ্তর হতে এবং বাপাউবো'র অন্য দপ্তর হতে উপ-বিভাগীয় প্রকৌশলী বা সহকারী প্রকৌশলী পর্যায়ের ০১ জন প্রতিনিধিসহ তিন সদস্যের কমিটি দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(Official Cost Estimate) প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সীলগালা করে অনুমোদনকারীর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৩। অনুমোদনকারী অনুমোদন এর ক্ষেত্রে পিপিআর-২০০৮ সংশোধিত এর ১৬(৫)(ক) ও (খ) অনুসরণ করতে হবে।

৪। প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা বাপাউবো'র Delegation of Financial Power-2008 অনুযায়ী হবে।

৫। দরপত্র দলিলে Minimum Tender Capacity দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(Official Cost Estimate) এর ৭৫%-৮০% উল্লেখ করা যেতে পারে।

৬। দরপত্র দলিলে special instruction হিসাবে দরপত্রদাতা কর্তৃক Detail Break down of the Unit rates(Rate Analysis) submission করতে হবে শর্তটি উল্লেখ করার প্রয়োজন নেই।

৭। ই-জিপি সিস্টেমে দরপত্র আহবানের ক্ষেত্রে দরপত্র দলিল e-PW2(a) সংশোধন না করা পর্যন্ত e-PW3(a) ব্যবহার করা যেতে পারে।

৮। উন্নয়ন সহযোগী (Development Partner) সংস্থাভুক্ত প্রকল্পের ক্ষেত্রে দরপত্র আহবান ও দরপত্র দলিল তৈরীর ক্ষেত্রে প্রকল্পের গাইডলাইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯। এ আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।


০৭/০৭/২০১৭

(মোঃ রফিকুল আলম)
পরিচালক




স্মারক নং-সিপিসি-৫১/ পিপিআর/ ২৯৪ ৮/১ (২৫)

তারিখঃ ০১-০১-২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী,..... বাপাউবো,.....। (অধীন দপ্তরদপ্তরসমূহে বিতরণের অনুরোধসহ)
- ২। সচিব, সচিবালয়, বাপাউবো, ঢাকা
- ৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)
- ৪। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি পাউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (.....) বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক,, বাপাউবো, মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)।


০১/০১/২০১৭
(মোঃ হাফিজুল আলম)
নির্বাহী প্রকৌশলী



(মোঃ হাফিজুল আলম)
নির্বাহী প্রকৌশলী